

শিশু মনস্তত্ত্ব

বিষয়ঃ শিশু মনস্তত্ত্ব

- প্রেষণা কাকে বলে?
- কোন কিছু কাজ বা শিখনের জন্য প্রয়োজন ব্যক্তির প্রচেষ্টা। প্রচেষ্টার উৎস হল চাহিদা। আর চাহিদা সৃষ্টি হয় অভাব বোধ থেকে। অভাব বোধ ব্যক্তির মধ্যে যে মানসিক অবস্থার সৃষ্টি করে তাকে বলে তাড়না। তাড়নার ফলে ব্যক্তির মধ্যে বিশেষ শক্তির সঞ্চারণ সৃষ্টি হয়। এই শক্তির দ্বারা কাজ বা শিখনকে সুনির্দিষ্ট লক্ষ্যমুখী করা হয়। যার ফলে আচরণটি সম্পাদিত হয় এবং ব্যক্তি বা প্রাণী তৃপ্তি বোধ করে একেই প্রেষণা বলে।
- বুদ্ধির একটি বৈশিষ্ট্য লেখ?
- ক. এটি একটি মৌলিক মানসিক ক্ষমতা।
- খ. এটি একটি সহজাত ক্ষমতা।
- গ. জীবনের বিভিন্ন স্তরে বুদ্ধির বিকাশের হার ভিন্ন ভিন্ন হয়।
- পরিণমনের দুটি বৈশিষ্ট্য লেখ?
ক. স্বাভাবিক প্রক্রিয়াঃ-পরিণমন কোনো শর্তসাপেক্ষ প্রক্রিয়া নয়। উদ্ভিদপক পরিস্থিতির বাহ্যিক নিয়ন্ত্রণ ছাড়াই পরিণমন শিশুর মধ্যে স্বাভাবিক নিয়মে সংঘটিত হয়। তাই পরিণমনকে স্বাভাবিক বিকাশের প্রক্রিয়া বলে বিবেচনা করা হয়।
- খ. সর্বজনীন প্রক্রিয়াঃ-পরিণমন একটি সর্বজনীন প্রক্রিয়া, মানুষ থেকে ইতরের পর্যন্ত সব প্রাণীর মধ্যেই এই প্রক্রিয়াটি দেখা যায়।
- মনোযোগের দুটি বস্তুগত নির্ধারকের নাম লেখ?
- তীব্রতা, বিস্তৃতি, পুনরাবৃত্তি, গতিশীলতা, রং, স্পষ্টতা, স্থায়িত্ব।
- বুদ্ধ্যঙ্ক কী?
বুদ্ধির সূচক হল বুদ্ধ্যঙ্ক (Intelligent Quotient or I.Q) বিনে তাঁর অভীক্ষায় মানসিক বয়সের যে ধারণা প্রবর্তন করেন, তার উপর ভিত্তি করে টারম্যান প্রথম মানসিক বুদ্ধি বা বুদ্ধির সাংখ্যমান (Numerical Value) নির্ণয় করার জন্য বুদ্ধ্যঙ্কের ধারণাকে যথাযথ ভাবে প্রয়োগ করেন। বুদ্ধ্যঙ্ক বলতে মানসিক বয়স এবং সাধারণ বয়সের অনুপাতকে বোঝায়। তবে সুবিধার জন্য এই অনুপাতকে ১০০ দিয়ে গুণ করা হয়
- আগ্রহ কাকে বলে?
- ব্যুৎপত্তিগত অর্থ ঃ -আগ্রহ বা অনুরাগ এর ইংরাজি প্রতিশব্দ 'Interest' . ল্যাটিন ভাষায় Interest কথার অর্থ হল 'it matters' or 'it concerns' অর্থাৎ ব্যক্তির আগ্রহের বস্তু হল সেইগুলি যেগুলি তার স্বার্থের সঙ্গে জড়িত।
- মনোবিদ Drever এর মতে আগ্রহ হল একপ্রকার গতিশীল মানসিক প্রক্রিয়া (An Interest is a disposition in its dynamic aspect)
- ম্যাকডুগাল বলেছেন আগ্রহ হল সুপ্ত মনোযোগ এবং মনোযোগ হল কর্মে আগ্রহ (Interest is latent attention and attention is interest in action)

- ‘G’ উপাদানের দুটি বৈশিষ্ট্য লেখ?
- ক. এটি সর্বজনীন এবং বংশগত।
- খ. এটি ব্যক্তির সব কাজেই প্রয়োজন হয়।
- গ. ব্যক্তির মধ্যে এটি ধ্রুবক অবস্থায় থাকে।
- মনোযোগের একটা ব্যক্তিগত নির্ধারক ও বস্তুগত নির্ধারকের নাম লেখ?
- ব্যক্তিগত নির্ধারকঃ-আগ্রহ, সেন্টিমেন্ট, প্রবৃত্তি, অভ্যাস।
- বস্তুগত নির্ধারকঃ-তীব্রতা, বিস্তৃতি, পুনরাবৃত্তি, গতিশীলতা, রং, স্পষ্টতা, স্থায়িত্ব।
- বিশেষ মানসিক ক্ষমতা কী? বিশেষ মানসিক ক্ষমতা হল ব্যক্তির অন্তর্নিহিত সেই সম্ভাবনা যা তার সাধারণ মানসিক ক্ষমতার সহযোগী হিসাবে বিশেষধর্মী কর্মসম্পাদনে সহায়তা করে। স্পিয়ারম্যান তাঁর তত্ত্বে এই ক্ষমতাকে **S-factor** বলেছেন।
- মনোযোগের সাথে আগ্রহের কোনো সম্পর্ক আছে কী?
- শিখনের দুটি গুরুত্বপূর্ণ উপাদান মনোযোগ ও আগ্রহ পরস্পর সম্পর্কিত। আগ্রহকে বলা হয় মনোযোগের অভ্যন্তরীণ নির্ধারক।
- ম্যাকডুগাল বলেছেন “আগ্রহ হল সুপ্ত মনোযোগ এবং মনোযোগ হল সক্রিয় আগ্রহ”।
- বুদ্ধির অভীক্ষা কী?
- সাধারণভাবে বুদ্ধি পরিমাপ করার জন্য যে কৌশল ব্যবহার করা হয় সেগুলিকেই বলা হয় বুদ্ধির অভীক্ষা। মনোবিজ্ঞানে বুদ্ধির পরিচায়ক প্রতিক্রিয়া উৎপাদনকারী উদ্দীপকের সমবায়কেই বুদ্ধির অভীক্ষা বলা হয়
- আগ্রহের বৈশিষ্ট্য লেখ?
- ক. আগ্রহ ব্যক্তিত্বের একটি স্থায়ী মানসিক সংগঠন।
- খ. আগ্রহ পরিমাপযোগ্য
- গ. আগ্রহ পরিবর্তনশীল।
- দলগত তত্ত্বের প্রবর্তক কে?
- আমেরিকান মনোবিদ থার্স্টোন (1954 “The Nature Of Intelligence” গ্রন্থে)
- বিশেষ মানসিক ক্ষমতার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল-
- ক. বিশেষ মানসিক ক্ষমতা সহজাত নয় শিখনের মধ্য দিয়ে অর্জিত
- খ. নির্দিষ্ট কাজ সম্পন্ন করার জন্য নির্দিষ্ট বিশেষ মানসিক ক্ষমতার প্রয়োজন হয়।
- গ. এই ক্ষমতা সংখ্যায় একটি নয় অনেক
- আগ্রহ কাকে বলে?
- ব্যুৎপত্তিগত অর্থ ঃ-আগ্রহ বা অনুরাগ এর ইংরাজি প্রতিশব্দ ‘Interest’ . ল্যাটিন ভাষায় **Interest** কথার অর্থ হল ‘it matters’ or ‘it concerns’ অর্থাৎ ব্যক্তির আগ্রহের বস্তু হল সেইগুলি যেগুলি তার স্বার্থের সঙ্গে জড়িত।

- মনোবিদ **Drever** এর মতে আগ্রহ হল একপ্রকার গতিশীল মানসিক প্রক্রিয়া(An Interest is a disposition in its dynamic aspect)
- ম্যাকডুগাল বলেছেন আগ্রহ হল সুপ্ত মনোযোগ এবং মনোযোগ হল কর্মে আগ্রহ(Interest is latent attention and attention is interest in action)
- **Electric Theory**-এর প্রবক্তা কে?
- ব্রিটিশ মনোবিদ চার্লস স্পিয়ারম্যান(১৯০৪ সালে)
- ট্রেডার সমীকরণের সূত্রটি লেখ?
- স্পিয়ারম্যান বিভিন্ন বৌদ্ধিক কাজে পারস্পরিক সহগতি নির্ণয় করে দেখলেন যে তা একটি বিশেষ নিয়ম মেনে চলে। এই নিয়মকে তিনি
- বিশেষ একটি সমীকরণ দ্বারা প্রকাশ করলেন ,যার নাম দিলেন টেট্রাড সমীকরণ । সমীকরণটি হল- $r_{ba} * r_{qp} - r_{qa} * r_{pq} = 0$